গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট
সাধারণ শাখা-২
www.sylhetdiv.gov.bd

বিষয়: বিভাগীয় আইন-শৃঙ্খলা কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি	আবু আহমদ ছিদ্দীকী, এনডিসি বিভাগীয় কমিশনার
সভার তারিখ	: ১৭ সেপ্টেম্বর ২০২৪
সভার সময়	: দুপুর ১২:০০ টা
স্থান	: বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট-এর সম্মেলনকক্ষ
উপস্থিতি	: উপস্থিতি তালিকা সংযুক্ত (ক)

সভাপতি শুরুতেই বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনে গত ১৬ জুলাই ২০২৪ তারিখ হতে ০৫ আগস্ট ২০২৪ তারিখ পর্যন্ত নিহত শহীদদের প্রতি গভীর শ্রদ্ধা ও আত্মার মাগফেরাত কামনা করেন এবং আহতদের রোগমুক্তি কামনা করেন। অত:পর সভাপতি সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুরোধক্রমে অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক) ও অত্র কমিটির সদস্য-সচিব আলোচ্যসূচি উপস্থাপন করেন। বিগত সভার কার্যবিবরণীতে কোনো প্রকার সংশোধনী না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়।

০২। সভায় বিগত সভার সিদ্ধান্তসমূহ ও এর বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হয়। অতঃপর নিম্নবর্ণিত বিষয়ে বিস্তারিত আলোচনা এবং সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

০৩। সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি:

সিলেট বিভাগের জুলাই ২০২৪ ও জুলাই ২০২৩ মাসের তুলনামূলক অপরাধ পরিসংখ্যান নিম্নরূপ: (সংযুক্ত-খ)

বিভিন্ন অপরাধ	এসএমপি সিলেট		সিলেট জেলা		সুনামগঞ্জ জেলা		হবিগঞ্জ জেলা		মৌলভীবাজার জেলা		বিভাগের মোট	
	জুলাই ২০২৪	জুলাই ২০২৩	জুলাই ২০২৪	জুলাই ২০২৩	জুলাই ২০২৪	জুলাই ২০২৩	জুলাই ২০২৪	জুলাই ২০২৩	জুলাই ২০২৪	জুলাই ২০২৩	জুলাই ২০২৪	জুলাই ২০২৩
মোট	১৬৯	১৯৮	১৯৫	২০৩	১২২	৯১	১২৪	১৩৫	১৬৬	১৭০	৭৭৬	৭৯৭

সিলেট বিভাগের আগস্ট ২০২৪ ও আগস্ট ২০২৩ মাসের তুলনামূলক অপরাধ পরিসংখ্যান নিম্নরূপ: (সংযুক্ত-গ)

বিভিন্ন অপরাধ	এসএমপি সিলেট		সিলেট জেলা		সুনামগঞ্জ জেলা		হবিগঞ্জ জেলা		মৌলভীবাজার জেলা		বিভাগের মোট	
	আগস্ট ২০২৪	আগস্ট ২০২৩	আগস্ট ২০২৪	আগস্ট ২০২৩	আগস্ট ২০২৪	আগস্ট ২০২৩	আগস্ট ২০২৪	আগস্ট ২০২৩	আগস্ট ২০২৪	আগস্ট ২০২৩	আগস্ট ২০২৪	আগস্ট ২০২৩
মোট	১২২	১৮৯	১৩৯	২৪৩	১২৪	৯৩	৮২	১১৮	১২২	১৫৭	৫৮৯	৮০০

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১. গত সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা: জুলাই, ২০২৪ মাসের বিভাগীয় আইন-শৃঙ্খলা কমিটির সভার গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হয়। গৃহীত সিদ্ধান্তসমূহের অগ্রগতি নিম্নরূপ:	জুলাই, ২০২৪ মাসের সভায় গৃহীত ৩২টি সিদ্ধান্তের মধ্যে ৩০টি সিদ্ধান্ত বাস্তবায়ন হওয়ায় সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। অবশিষ্ট ০২টি সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য নির্দেশনা প্রদান করা হয়।	বিভাগীয় আইন-শৃঙ্খলা কমিটির সদস্যবৃন্দ

সভার তারিখ	গৃহীত সিদ্ধান্তের সংখ্যা	গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের সংখ্যা	সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতির হার
১৫ জুলাই ২০২৪	৩২টি	৩০টি	৯৩.৭৫%

২. জুলাই ২০২৪ ও জুলাই ২০২৩ মাসের তুলনামূলক অপরাধ বিবরণী: পর্যালোচনায় দেখা যায়, সিলেট বিভাগের জুলাই ২০২৪ মাসের অপরাধ জুলাই ২০২৩ মাসের তুলনায় অনেকাংশে হ্রাস পেয়েছে। জুলাই ২০২৩ মাসের তুলনায় জুলাই ২০২৪ মাসে সুনামগঞ্জ জেলা ব্যতীত সকল জেলায় সামগ্রিক অপরাধ হ্রাস পেয়েছে। **আগস্ট ২০২৪ ও আগস্ট ২০২৩ মাসের তুলনামূলক অপরাধ বিবরণী:** পর্যালোচনায় দেখা যায়, সিলেট বিভাগের আগস্ট ২০২৪ মাসের অপরাধ আগস্ট ২০২৩ মাসের তুলনায় অনেকাংশে হ্রাস পেয়েছে। আগস্ট ২০২৩ মাসের তুলনায় আগস্ট ২০২৪ মাসে সিলেট মেট্রোপলিটন এলাকাসহ সকল জেলায় সামগ্রিক অপরাধ হ্রাস পেয়েছে। সভায় অপরাধ প্রবণতা রোধে ভ্রাম্যমান আদালত পরিচালনায় চাহিদা মোতাবেক ম্যাজিস্ট্রেট নিয়োগ করাসহ আদালত পরিচালনায় ক্ষুদ্র ব্যবসায়ীদের প্রতি প্রতি কঠোর না হয়ে সততার সহিত ব্যবসা পরিচালনায় উৎসাহিত করার বিষয়ে গুরুত্বারোপ করা হয়। শিশু-কিশোরদের সুষ্ঠু মানসিক বিকাশের লক্ষ্যে জেলা প্রশাসকগণ কর্তৃক স্কুল ও কলেজের মাঠ খেলাধুলার জন্য নির্ধারণ করার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। প্রয়োজনে নিরাপত্তার স্বার্থে স্কুল-কলেজের ফান্ড হতে পাহারাদার/নিরাপত্তাকর্মী নিয়োগ করার বিষয়েও সভায় আলোকপাত করা হয়। এছাড়া সিলেট নগরীর ব্লু-বার্ড স্কুল এন্ড কলেজের খেলার মাঠ মেয়েদের খেলাধুলার জন্য উন্মুক্ত করে দেয়ার বিষয়ে সভাপতি সভায় নির্দেশনা প্রদান করেন। পরিবেশ রক্ষায় অবৈধভাবে পাহাড়/টিলা কর্তন রোধের ব্যবস্থা গ্রহণসহ অবৈধভাবে উত্তোলিত পাথর ও বালি চুরি বন্ধে জড়িত ট্রাক মালিকদের তালিকা তৈরিপূর্বক আইনানুগ ব্যবস্থা গ্রহণ করার বিষয়ে আলোচনা করা হয়। নৌ-পথে অবৈধভাবে পাথর/বালি চুরি বন্ধে আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীসমূহের টহল ও তল্লাশী অব্যাহত রাখাসহ প্রবেশমুখে ব্যারিকেড দেয়ার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। হাইড্রোগ্রাফি জরিপের মাধ্যমে বালু উত্তোলনযোগ্য স্থানকে বালুমহাল ঘোষণা করার বিষয়ে আলোচনা করা হয়। একই সাথে ড্রেজার মেশিনের ব্যবহার সম্পূর্ণরূপে বন্ধ করার বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়।	২.১ অপরাধ প্রবণতা রোধে ভ্রাম্যমান আদালত পরিচালনায় চাহিদা মোতাবেক ম্যাজিস্ট্রেট নিয়োগ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। ভ্রাম্যমান আদালত পরিচালনায় ক্ষুদ্র ব্যবসায়ীদের প্রতি সহনশীলতা প্রদর্শন ও সততার সহিত ব্যবসা পরিচালনায় উৎসাহ প্রদান করতে হবে। ২.২ শিশু-কিশোরদের সুষ্ঠু মানসিক বিকাশের লক্ষ্যে জেলা প্রশাসকগণ কর্তৃক নির্ধারিত স্কুল ও কলেজের মাঠ খেলাধুলার জন্য উন্মুক্তকরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। প্রয়োজনে নিরাপত্তার স্বার্থে স্কুল-কলেজের ফান্ড হতে পাহারাদার/নিরাপত্তাকর্মী নিয়োগ করতে হবে। ২.৩ সিলেট নগরীর ব্লু-বার্ড স্কুল এন্ড কলেজের খেলার মাঠ মেয়েদের খেলাধুলার জন্য উন্মুক্তকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। ২.৪ পরিবেশকে ধ্বংসের হাত থেকে বাঁচাতে অবৈধভাবে পাহাড়/টিলা কর্তন রোধের ব্যবস্থা গ্রহণ করতে হবে। ২.৫ অবৈধভাবে পাথর ও বালি চুরি বন্ধে জড়িত ট্রাক মালিকদের তালিকা তৈরিপূর্বক আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে। ২.৬ নৌ-পথে অবৈধভাবে পাথর/বালি পরিবহন বন্ধে আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীসমূহের টহল ও তল্লাশী অব্যাহত রাখাসহ প্রবেশমুখে ব্যারিকেড দেয়ার ব্যবস্থা গ্রহণ করতে হবে। ২.৭ হাইড্রোগ্রাফি জরিপের মাধ্যমে বালু উত্তোলনযোগ্য স্থানকে বালুমহাল ঘোষণা করার ব্যবস্থা গ্রহণ করতে হবে। একই সাথে ড্রেজার মেশিনের ব্যবহার সম্পূর্ণরূপে বন্ধ করার ব্যবস্থা গ্রহণ করতে হবে।	১. ডিআইজি, সিলেট রেঞ্জ ২. পুলিশ কমিশনার, এসএমপি ৩. সেক্টর কমান্ডার, বিজিবি, সিলেট ৪. সেক্টর কমান্ডার, বিজিবি, শ্রীমঙ্গল ৫. জেলা প্রশাসক (সকল) ৬. অধিনায়ক, র‌্যাব-৯, সিলেট ৭. পুলিশ সুপার (সকল) ৮. পুলিশ সুপার, নৌ পুলিশ, সিলেট ৯. পরিচালক, পরিবেশ অধিদপ্তর, সিলেট ১০. উপপরিচালক, সিলেট এমএজি ওসমানী মেডিকেল কলেজ ও হাসপাতাল, সিলেট

৩. জঙ্গিবাদ মোকাবিলা: সভায় ভাড়াটিয়াদের তালিকা CIMS (Citizen Information Management System) এ অন্তর্ভুক্তকরণ কার্যক্রম অব্যাহত রাখার বিষয়ে গুরুত্বারোপ করা হয়। হযরত শাহপরান (রঃ) এর মাজারে ওয়াকফ এস্টেট কর্তৃক রীট নিষ্পত্তি করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। এছাড়া হযরত শাহজালাল (রঃ), হযরত শাহপরান (রঃ) সহ অন্যান্য মাজার সমূহের পবিত্রতা রক্ষায় অসামাজিক কার্যক্রম বন্ধ করে সুষ্ঠু পরিবেশ বজায় রাখার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। এছাড়া জেলা ও উপজেলা পর্যায়ের সকল ইমাম, খতিবদের ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক আসন্ন ধর্মীয় অনুষ্ঠান ও সমসাময়িক বিষয়ে খুৎবা/বয়ান নির্ধারণ করে দেয়ার বিষয়েও সভায় গুরুত্বারোপ করা হয়।	৩.১ ভাড়াটিয়াদের তালিকা CIMS (Citizen Information Management System) এ অন্তর্ভুক্তকরণ কার্যক্রম অব্যাহত রাখতে হবে। ৩.২ হযরত শাহপরান (রঃ) এর মাজারে ওয়াকফ এস্টেট কর্তৃক রীট নিষ্পত্তি করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। ৩.৩ হযরত শাহজালাল (রঃ), হযরত শাহপরান (রঃ) সহ অন্যান্য মাজারসমূহের পবিত্রতা রক্ষাসহ অসামাজিক কার্যক্রম বন্ধ করে সুষ্ঠু পরিবেশ বজায় রাখার জন্য আইন-শৃঙ্খলা বাহিনীর পাশাপাশি মাজার কর্তৃপক্ষকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। ৩.৪ জেলা ও উপজেলা পর্যায়ের সকল ইমাম, খতিবদের ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক আসন্ন ধর্মীয় অনুষ্ঠান ও সমসাময়িক বিষয়ের আলোকে প্রতি সপ্তাহে খুৎবা/বয়ান প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	১. ডিআইজি, সিলেট রেঞ্জ, সিলেট ২. পুলিশ কমিশনার, এসএমপি, সিলেট ৩. জেলা প্রশাসক (সকল) ৪. অধিনায়ক, র‍্যাব-৯, সিলেট ৫. পুলিশ সুপার (সকল) ৬. পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, সিলেট ৭. মোতওয়াল্লী, হযরত শাহজালাল (র:) মাজার/হযরত শাহপরান (র:) মাজার
৪. জেলা, উপজেলা ও ইউনিয়নে সন্ত্রাস, মাদক ও নাশকতা প্রতিরোধ কমিটির কার্যক্রম জোরদারকরণ: জেলা, উপজেলা ও ইউনিয়নে সামাজিক সম্প্রীতি কমিটির সভা নিয়মিত আয়োজনের ধারা অব্যাহত রাখার বিষয়ে সভায় আলোচনা করা হয়। তাছাড়া সীমান্তবর্তী এলাকাসমূহে সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধে গণশুনানী এবং উঠান বৈঠক করার বিষয়েও সভায় আলোচনা করা হয়।	৪.১ জেলা, উপজেলা ও ইউনিয়ন সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধ কমিটি এবং সামজিক সম্প্রীতি কমিটির কার্যক্রম অব্যাহত রাখতে হবে। ৪.২ সীমান্তবর্তী এলাকাসমূহে সীমান্ত হত্যা, সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধে গণশুনানী এবং উঠান বৈঠক নিয়মিত আয়োজন এর ব্যবস্থা করতে হবে।	১. সেক্টর কমান্ডার, বিজিবি, সিলেট ২. সেক্টর কমান্ডার, বিজিবি, শ্রীমঙ্গাল ৩. জেলা প্রশাসক (সকল) ৪. পুলিশ সুপার (সকল) ৫. পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, সিলেট
৫. নিরাপত্তা সংক্রান্ত: জুলাই আন্দোলনের সময় সময় নষ্ট হওয়া সিসি ক্যামেরা মেরামত/সচলের করার বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়। অপরাধ প্রবণতা হ্রাসে ব্যবসায়ী সমিতি কর্তৃক নিজস্ব উদ্যোগে বিভাগাধীন সকল বাজার/মার্কেটগুলো সিসি ক্যামেরার আওতাভুক্তকরণের ব্যবস্থা গ্রহণসহ পরবর্তী সভায় অগ্রগতি প্রতিবেদন উপস্থাপন করার বিষয়েও সভায় গুরুত্বারোপ করা হয়।	৫.১ জুলাই আন্দোলনের সময় আন্দোলনের সময় নষ্ট হওয়া সিসি ক্যামেরাসমূহ মেরামত/সচলের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। ৫.২ ব্যবসায়ী সমিতি কর্তৃক নিজস্ব উদ্যোগে বিভাগাধীন সকল বাজার/ মার্কেটগুলো সিসি ক্যামেরার আওতাভুক্তকরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং অগ্রগতি প্রতিবেদন পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।	১. ডিআইজি, সিলেট রেঞ্জ ২. পুলিশ কমিশনার, এসএমপি ৩. প্রধান নির্বাহী কর্মকর্তা, সিসিক ৪. জেলা প্রশাসক (সকল) ৫. পুলিশ সুপার (সকল) ৬. সভাপতি, সিলেট চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি

৬. মাদকের ব্যবহার রোধ: সভায় ডোপ টেস্ট সুষ্ঠু ও সুন্দরভাবে সম্পন্ন করার জন্য সিরিয়াল অনলাইন বেইজড করাসহ টেস্টে সঠিক রেজাল্টের জন্য ইউরিন এর পরিবর্তে ব্লাড সেম্পল গ্রহণ করাসহ এসব সমস্যা উল্লেখপূর্বক সংশ্লিষ্ট সকল দপ্তর কর্তৃক নিজ নিজ বিভাগ/মন্ত্রণালয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পত্র প্রেরণের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। এছাড়া মাদক বিরোধী প্রচারাভিযান অব্যাহত রাখা ও সচেতনতামূলক সভা আয়োজনসহ মাদকের কুফল সম্পর্কে ছাত্র-ছাত্রীদের সচেতন করতে শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রচারণা করার বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়।	৬.১ ডোপ টেস্ট সুষ্ঠু ও সুন্দরভাবে সম্পন্ন করার জন্য সিরিয়াল অনলাইন বেইজড করার ব্যবস্থা গ্রহণ করতে হবে। ৬.২ ডোপ টেস্টে সঠিক রেজাল্টের জন্য ইউরিন এর পরিবর্তে ব্লাড সেম্পল নেয়ার উদ্যোগ গ্রহণ করতে হবে। এ লক্ষ্যে এসব সমস্যা উল্লেখপূর্বক সংশ্লিষ্ট সকল দপ্তর কর্তৃক নিজ নিজ বিভাগ/মন্ত্রণালয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পত্র প্রেরণ করতে হবে। ৬.৩ মাদক বিরোধী প্রচারাভিযান অব্যাহত রাখাসহ সচেতনতামূলক সভা আয়োজন এবং মাদকের কুফল সম্পর্কে সচেতন করতে শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রচারণা করতে হবে।	১. ডিআইজি, সিলেট রেঞ্জ, সিলেট ২. অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক), সিলেট ৩. জেলা প্রশাসক (সকল) ৪. অধ্যক্ষ, এমসি কলেজ, সিলেট ৫. পরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, সিলেট ৬. অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, সিলেট
৭. সড়ক নিরাপত্তা: সভায় হবিগঞ্জ এর অলিপুর রেলক্রসিং-এ ডাকাতি/ছিনতাই রোধে আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীসমূহের তাৎক্ষণিক পদক্ষেপ গ্রহণের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। এছাড়া সাম্প্রতিক বন্যায় ক্ষতিগ্রস্ত সড়কসমূহ দ্রুত মেরামত করার বিষয়ে আলোচনা করা হয়। সভায় দুর্ঘটনা প্রতিরোধ ও সড়কের ক্ষতিগ্রস্ততা রোধে মালামাল পরিবহণে ওজন সীমা নির্ধারণ করে দেয়ার বিষয়েও গুরুত্বারোপ করা হয়। তাছাড়া ড্রাইভিং লাইসেন্স প্রদানে সর্বোচ্চ সতকর্তা অবলম্বনসহ অনলাইন ড্রাইভিং লাইসেন্স প্রদান প্রক্রিয়া মনিটরিং করার বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়।	৭.১ হবিগঞ্জ এর অলিপুর রেলক্রসিং-এ ডাকাতি/ছিনতাই রোধে আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীসমূহকে টহল বৃদ্ধি করতে হবে। ৭.২ সাম্প্রতিক বন্যায় ক্ষতিগ্রস্ত সড়কসমূহ দ্রুত মেরামত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। ৭.৩ দুর্ঘটনা প্রতিরোধ ও সড়কের ক্ষতিগ্রস্ততা রোধে মালামাল পরিবহনে ওজন সীমা নির্ধারণ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। ৭.৪ ড্রাইভিং লাইসেন্স প্রদানে সর্বোচ্চ সতকর্তা অবলম্বনসহ অনলাইন ড্রাইভিং লাইসেন্স প্রদান প্রক্রিয়া মনিটরিং করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	১. ডিআইজি, সিলেট রেঞ্জ, সিলেট ২. প্রধান নির্বাহী কর্মকর্তা, সিসিক ৩. অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ, সিলেট অঞ্চল ৪. অতিরিক্ত প্রধান প্রকৌশলী, এলজিইডি, সিলেট বিভাগ ৫. জেলা প্রশাসক (সকল) ৬. পুলিশ সুপার (সকল) ৭. পুলিশ সুপার, হাইওয়ে পুলিশ, সিলেট অঞ্চল ৮. পরিচালক (ইঞ্জিঃ), বিআরটিএ, সিলেট বিভাগ, সিলেট ৯. সভাপতি, পরিবহন মালিক সমিতি, সিলেট
৮. বিবিধ: **৮.১ ডেঙ্গু প্রতিরোধ ও সার্বিক পরিষ্কার-পরিচ্ছন্নতা:** সাম্প্রতিক সময়ে ডেঙ্গুর প্রবণতা বৃদ্ধি পাওয়ায় এডিস মশার লার্ভা ধ্বংস করার জন্য জরুরী ভিত্তিতে নগরীর সকল ওয়ার্ডে কীটনাশক স্প্রে করার জন্য সভায় আলোচনা করা হয়। তাছাড়া ডেঙ্গু প্রতিরোধে ড্রেন পরিষ্কারকরণ ও ছড়া/খাল/জলাশয়সমূহ খনন করা এবং নগরীর পরিষ্কার-পরিচ্ছন্নতার কার্যক্রম অব্যাহত রাখার বিষয়েও সভায় আলোচনা করা হয়।	৮.১.১ এডিস মশার লার্ভা ধ্বংস করার জন্য জরুরী ভিত্তিতে নগরীর সকল ওয়ার্ডে কীটনাশক স্প্রে করার ব্যবস্থা গ্রহণ করতে হবে। ৮.১.২ ডেঙ্গু প্রতিরোধে এলাকাভিত্তিক সচেতনতামূলক কার্যক্রম ও সভা আয়োজন করাসহ ড্রেন পরিষ্কারকরণ, ছড়া/খাল/জলাশয়সমূহ খনন, পরিষ্কার-পরিচ্ছন্নতার কার্যক্রম অব্যাহত রাখতে হবে।	১. প্রধান নির্বাহী কর্মকর্তা, সিসিক ২. জেলা প্রশাসক (সকল)
৮.২ নিত্যপণ্যের বাজার তত্ত্বাবধান: সভায় নিত্যপণ্যের অবৈধ মজুদদারীদের সিন্ডিকেট রুখতে ও বাজারে অস্থিরতা সৃষ্টি, পণ্যের অস্বাভাবিক মূল্যবৃদ্ধি বন্ধ করতে অভিযান পরিচালনা সহ নিয়মিত বাজার মনিটরিং কার্যক্রম জোরদারকরণের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।	সভায় নিত্যপণ্যের অবৈধ মজুদদারীদের সিন্ডিকেট রুখতে, বাজারে অস্থিরতা রোধ ও পণ্যের অস্বাভাবিক মূল্যবৃদ্ধি বন্ধ করতে অভিযান পরিচালনাসহ নিয়মিত বাজার মনিটরিং কার্যক্রম অব্যাহত রাখতে হবে।	১. ডিআইজি, সিলেট রেঞ্জ ২. পুলিশ কমিশনার, এসএমপি ৩. জেলা প্রশাসক (সকল) ৪. অধিনায়ক, র‌্যাব-৯, সিলেট ৫. পুলিশ সুপার (সকল) ৬. আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, সিলেট

৮.৩ অগ্নিকাণ্ড, ভূমিকম্প ও বিভিন্ন দূর্যোগ মোকাবেলা: সভায় বাজার/মার্কেটসহ বড় বড় স্থাপনাসমূহে মেয়াদোত্তীর্ণ অগ্নিনির্বাপক যন্ত্র পরিবর্তন করার বিষয়ে গুরুত্বারোপ করা হয়। এছাড়া অগ্নিনির্বাপক যন্ত্রের ব্যবহার ও অগ্নিকান্ড পরবর্তী ব্যবস্থা গ্রহণ সম্পর্কে জনগণকে সচেতন করার লক্ষ্যে ফায়ার সার্ভিসকে নিয়মিত মহড়া প্রদানসহ ভলান্টিয়ারদের প্রশিক্ষণ কার্যক্রম চলমান রাখার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। এছাড়া শপিং মলগুলোতে অগ্নি নির্বাপক যন্ত্র যথাযথভাবে স্থাপন করা হয়েছে কিনা তা প্রতিবেদন আকারে ফায়ার সার্ভিস কর্তৃক প্রদান করার বিষয়েও সভায় আলোচনা করা হয়। এছাড়া ফায়ার সার্ভিস বিভাগকে অগ্নিকান্ড প্রতিরোধে অগ্নিনির্বাপক যন্ত্র স্থাপনের তথ্য মেয়াদোত্তীর্নের তারিখসহ ছক আকারে প্রেরণ করার বিষয়ে সভায় আলোচনা করা হয়।	৮.৩.১ বাজার/মার্কেটসহ বড় বড় স্থাপনাসমূহে মেয়াদোত্তীর্ণ অগ্নিনির্বাপক যন্ত্র পরিবর্তন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। ৮.৩.২ অগ্নিকান্ড রোধ, অগ্নিনির্বাপক যন্ত্রের ব্যবহার ও অগ্নিকান্ড পরবর্তী ব্যবস্থা গ্রহণ সম্পর্কে জনগণকে সচেতন করার লক্ষ্যে ফায়ার সার্ভিসকে নিয়মিত মহড়া প্রদানসহ ভলান্টিয়ারদের প্রশিক্ষণ কার্যক্রম অব্যাহত রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। শপিং মলগুলোতে অগ্নি নির্বাপক যন্ত্র যথাযথভাবে স্থাপন করা হয়েছে কিনা তা প্রতিবেদন আকারে প্রদান করতে হবে। ৮.৩.৩ ফায়ার সার্ভিস বিভাগকে অগ্নিকাণ্ড প্রতিরোধে অগ্নিনির্বাপক যন্ত্র স্থাপনের তথ্য মেয়াদোত্তীর্নের তারিখসহ ছক আকারে প্রেরণ করতে হবে।	১. প্রধান নির্বাহী কর্মকর্তা, সিসিক ২. জেলা প্রশাসক (সকল) ৩. উপ-পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, সিলেট ৪. পুলিশ সুপার, ইন্ডাস্ট্রিয়াল পুলিশ-৮, সিলেট ৫. সভাপতি, সিলেট চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ ৬. সহকারী বিস্ফোরক পরিদর্শক, সিলেট
৮.৪ যানজট নিরসন: ব্যক্তি মালিকানাধীন জায়গায় নগরীর সোবহানীঘাট কাঁচাবাজার পরিচালিত হওয়ায় সরকার রাজস্ব হতে বঞ্চিত হচ্ছে মর্মে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। সোবহানীঘাট এলাকার যানজট নিরসনে সোবহানীঘাট কাঁচাবাজার সিসিক কর্তৃক সুবিধাজনক স্থানে স্থানান্তরের লক্ষ্যে জমি ক্রয়/অধিগ্রহণ করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। এছাড়া যানজট নিরসনকল্পে কদমতলী বাস টার্মিনালটি পরিত্যক্ত অবস্থায় না রেখে ব্যবহার করার বিষয়ে সভায় আলোচনা করা হয়।	৮.৪.১ নগরীর সোবহানীঘাট কাঁচাবাজার সিসিক কর্তৃক সুবিধাজনক স্থানে স্থানান্তরকরণের লক্ষ্যে জমি ক্রয়/অধিগ্রহণ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। ৮.৪.২ যানজট নিরসনকল্পে কদমতলী বাস টার্মিনালটি পরিত্যক্ত অবস্থায় না রেখে ব্যবহার করার ব্যবস্থা গ্রহণ করতে হবে।	১. পুলিশ কমিশনার, এসএমপি ২. প্রধান নির্বাহী কর্মকর্তা, সিসিক ৩. অতিরিক্ত প্রধান প্রকৌশলী, বিভাগীয় গণপূর্ত অফিস, সিলেট ৪. জেলা প্রশাসক, সিলেট

৮.৫ শারদীয় দুর্গোৎসব উদযাপন: সভায় আসন্ন শারদীয় দুর্গাপূজা-২০২৪ শান্তিপূর্ণভাবে অনুষ্ঠানের লক্ষ্যে আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীসমূহের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। প্রতিটি পূজা মন্ডপে নাইট ভিশন সিসি ক্যামেরা স্থাপন, বিকল্প বিদ্যুৎ অর্থাৎ জেনারেটর ও পূজা পরিচালনা কমিটি কর্তৃক শৃঙ্খলা রক্ষার্থে নিজস্ব ভলান্টিয়ার রাখার জন্য সভায় বিস্তারিত আলোচনা করা হয়। উপস্থিত সদস্যরা জানান, সিলেট বিভাগ ২০২২ সালে শতকের সেরা ভয়াবহ বন্যার শিকার হয়। পরবর্তীতে ২০২২ হতে অদ্যাবধি এ অঞ্চল ০৪ (চার) বার বন্যায় আক্রান্ত হয়েছে। ফলশ্রুতিতে সড়ক ও জনপথ বিভাগের সড়কসমূহ, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের সড়কসমূহ, সিলেট সিটি কর্পোরেশনের সকল সড়কসমূহ ও গ্রামীণ সড়কসমূহ ব্যাপক ক্ষতিগ্রস্ত হয়। এসব ক্ষতিগ্রস্ত রাস্তাসমূহ অদ্যাবধি মেরামত/সংস্কার করা হয়নি। এমনকি ২০২২ সালে ক্ষতিগ্রস্ত রাস্তার সংস্কার কাজ কোনো কোনো ক্ষেত্রে অদ্যাবধি শুরু করাই যায়নি। যার ফলে কিছু কিছু রাস্তা/সড়ক চলাচলের অনুপযোগী হয়ে পড়েছে। আসন্ন শারদীয় দুর্গাপূজা উপলক্ষ্যে প্রতিমা পরিবহনের সময় এসকল রাস্তায় দুর্ঘটনা ঘটার মাধ্যমে যাতে কোনো অনাকাঙ্ক্ষিত পরিস্থিতি সৃষ্টি না হয় সেজন্য সিলেট সিটি কর্পোরেশনের সকল ক্ষতিগ্রস্ত রাস্তাসহ বিভাগের সকল ক্ষতিগ্রস্ত রাস্তা পূজা শুরুর পূর্বেই দ্রুত মেরামত/সংস্কার করার বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়। এছাড়া প্রতিমা তৈরির সময় যেকোনো অনাকাঙ্ক্ষিত ঘটনা এড়াতে আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীসমূহের টহল অব্যাহত রাখার বিষয়েও সভায় গুরুত্বারোপ করা হয়।	৮.৫.১ আসন্ন শারদীয় দুর্গাপূজা শান্তিপূর্ণভাবে অনুষ্ঠানের লক্ষ্যে আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীসমূহের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। ৮.৫.২ প্রতিটি পূজা মন্ডপে নাইট ভিশন সিসি ক্যামেরা স্থাপন, বিকল্প বিদ্যুৎ অর্থাৎ জেনারেটর ও পূজা পরিচালনা কমিটি কর্তৃক শৃঙ্খলা রক্ষার্থে নিজস্ব ভলান্টিয়ার রাখার ব্যবস্থা গ্রহণ করতে হবে। ৮.৫.৩ আসন্ন শারদীয় দুর্গাপূজায় প্রতিমা পরিবহনকালীন দুর্ঘটনা এড়োনোর লক্ষ্যে সিলেট সিটি কর্পোরেশনের সকল ক্ষতিগ্রস্ত রাস্তাসহ বিভাগের সকল ক্ষতিগ্রস্ত রাস্তা পূজা শুরুর পূর্বেই দ্রুত মেরামত/সংস্কারের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে। ৮.৫.৪ প্রতিমা তৈরির সময় যেকোনো অনাকাঙ্ক্ষিত ঘটনা এড়াতে আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীসমূহের টহল অব্যাহত রাখতে হবে।	১. ডিআইজি, সিলেট রেঞ্জ, সিলেট ২. পুলিশ কমিশনার, এসএমপি ৩. প্রধান নির্বাহী কর্মকর্তা, সিসিক ৪. অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ, সিলেট অঞ্চল ৫. অতিরিক্ত প্রধান প্রকৌশলী, এলজিইডি, সিলেট বিভাগ ৬. সেক্টর কমান্ডার, বিজিবি, সিলেট ৭. সেক্টর কমান্ডার, বিজিবি, শ্রীমঙ্গল ৮. জেলা প্রশাসক (সকল) ৯. অধিনায়ক, র‌্যাব ৯ ১০. পুলিশ সুপার (সকল)

০৪। সভায় আর কোনো উল্লেখযোগ্য আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৩০-০৯-২০২৪
আবু আহমদ ছিদ্দীকী, এনডিসি
বিভাগীয় কমিশনার
০২৯৯৬৬৪৩২৬৬
divcomsylhet@mopa.gov.bd

তারিখ: ১৫ আশ্বিন ১৪৩১ বঙ্গাব্দ
৩০ সেপ্টেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

নম্বর: ০৫.৪৬.০০০০.০০৮.০৬.০০১.১৫.৬০৯

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ;
২। সিনিয়র সচিব, সুরক্ষা সেবা বিভাগ;
৩। সচিব, জননিরাপত্তা বিভাগ;
৪। সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ;
৫। উপ-মহা পুলিশ পরিদর্শক, সিলেট রেঞ্জ, সিলেট;
৬। পুলিশ কমিশনার, সিলেট মেট্রোপলিটন পুলিশ, সিলেট;

৭। অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক), বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট;
৮। সেক্টর কমান্ডার, বিজিবি, সিলেট;
৯। সেক্টর কমান্ডার, বিজিবি, শ্রীমঙ্গল, মৌলভীবাজার;
১০। প্রধান নির্বাহী কর্মকর্তা, সিলেট সিটি কর্পোরেশন, সিলেট;
১১। উপ মহাপরিচালক, আনসার ও ভিডিপি, সিলেট;
১২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, বিভাগীয় গণপূর্ত অফিস, সিলেট;
১৩। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ, সিলেট জোন, সিলেট;
১৪। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, অতিরিক্ত প্রধান প্রকৌশলীর কার্যালয়, এলজিইডি, সিলেট বিভাগ, সিলেট;
১৫। অতিরিক্ত পরিচালক, এনএসআই, সিলেট;
১৬। প্রধান প্রকৌশলী, বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, সিলেট;
১৭। জেলা প্রশাসক, সিলেট/সুনামগঞ্জ/হবিগঞ্জ/মৌলভীবাজার;
১৮। অধিনায়ক, র‌্যাব-৯, সিলেট;
১৯। পুলিশ সুপার, সিলেট;
২০। পুলিশ সুপার, সুনামগঞ্জ;
২১। পুলিশ সুপার, হবিগঞ্জ;
২২। পুলিশ সুপার, মৌলভীবাজার;
২৩। পুলিশ সুপার, হাইওয়ে পুলিশ, সিলেট অঞ্চল, সিলেট;
২৪। পুলিশ সুপার, নৌ পুলিশ, সিলেট অঞ্চল;
২৫। পুলিশ সুপার, ইন্ডাস্ট্রিয়াল পুলিশ-৮, সিলেট;
২৬। অধ্যক্ষ, এমসি কলেজ, সিলেট;
২৭। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, পল্লী বিদ্যুতায়ন বোর্ড, সিলেট;
২৮। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, সিলেট;
২৯। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, সিলেট;
৩০। পরিচালক, বিভাগীয় পাসপোর্ট ও ভিসা অফিস, সিলেট;
৩১। পরিচালক, বিভাগীয় পরিচালকের কার্যালয়, সমাজসেবা অধিদফতর, সিলেট;
৩২। পরিচালক, বিভাগীয় তথ্য অফিস, সিলেট;
৩৩। অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, সিলেট;
৩৪। পরিচালক, পরিবেশ অধিদপ্তর, সিলেট বিভাগীয় কার্যালয়, সিলেট;
৩৫। পরিচালক (ইঞ্জি:), বিআরটিএ, সিলেট বিভাগ, সিলেট;
৩৬। পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, বিভাগীয় কার্যালয়, সিলেট;
৩৭। উপ-পরিচালক, জেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, সিলেট;
৩৮। উপ-পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, সিলেট;
৩৯। উপ-পরিচালক, সিলেট এমএজি ওসমানি মেডিকেল কলেজ হাসপাতাল, সিলেট;
৪০। সহকারী পরিচালক, তামাবিল স্থল বন্দর, সিলেট;
৪১। সহকারী বিস্ফোরক পরিদর্শক, সিলেট;
৪২। স্টেশন ম্যানেজার, সিলেট রেলওয়ে স্টেশন, সিলেট;
৪৩। সভাপতি, বার এসোসিয়েশন, সিলেট;
৪৪। সভাপতি, চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ, সিলেট;
৪৫। মোতওয়াল্লী, হযরত শাহজালাল (র:) মাজার/হযরত শাহ্‌পরান (র:) মাজার;
৪৬। সভাপতি, জেলা প্রেসক্লাব, সিলেট;
৪৭। সভাপতি, পরিবহন মালিক সমিতি, সিলেট;
৪৮। সভাপতি, পরিবহন শ্রমিক ইউনিয়ন, সিলেট এবং
৪৯। সিনিয়র সহকারী কমিশনার, আইসিটি সেল, বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট (কার্যবিবরণী ওয়েব পোর্টালে আপলোডের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)।

৩০-০৯-২০২৪
আবু আহমদ ছিদ্দীকী, এনডিসি
বিভাগীয় কমিশনার

সকল সংযুক্তিসমূহ:

(১) উপস্থিতি হাজিরা (সংযুক্ত-ক)
(২) পরিশিষ্ট-খ
(৩) পরিশিষ্ট-গ